

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০৭

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হারামের কাঁটা উপড়ে ফেলা যাবে না, সেখানকার হারানো জিনিস কুড়িয়ে নেওয়া যাবে না, তবে যদি সেই ব্যক্তি প্রচারক হয় (তবে তিনি কুড়িয়ে নিয়ে প্রচার করতে পারবেন)

ذِكْرُ الزَّجْرِ عَنِ اخْتِلَاءِ شَوْكِ حَرَمِ اللَّهِ جَلَّ وَعَلَا وَالتَّقَاطِ سَاقِطُهَا إِلَّا أَنْ يَكُونَ الْمَرْءُ
مُنْشِدًا

আরবী

3707 - أَخْبَرَنَا ابْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنِي الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَمَّا فَتَحَ اللَّهُ جَلَّ وَعَلَا عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ قَتَلَتْ هُذَيْلٌ رَجُلًا مِنْ بَنِي لَيْثٍ بِقَتِيلٍ كَانَ لَهُمْ فِي الْجَاهِلِيَّةِ فَبَلَغَ ذَلِكَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَقَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا حَبَسَ الْفِيلَ عَنْ مَكَّةَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُؤْمِنِينَ وَإِنهَا تَحِلُّ لِأَحَدٍ كَانَ قَبْلِي وَلَا تَحِلُّ لِأَحَدٍ بَعْدِي وَإِنَّمَا أُحِلَّتْ لِي سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا سَاعَتِي هَذِهِ ثُمَّ هِيَ حَرَامٌ لَا يُعْضَدُ شَجَرُهَا وَلَا يُخْتَلَى شَوْكُهَا وَلَا يُلْتَقَطُ سَاقِطُهَا إِلَّا لِمُنْشِدٍ وَمَنْ قَتَلَ لَهُ قَتِيلٌ فَهُوَ بِخَيْرِ النَّظَرَيْنِ: إِمَّا أَنْ يَقْتُلَ وَإِمَّا أَنْ يَفْدِيَ) فَقَامَ رَجُلٌ مِنَ الْيَمَنِ يُقَالُ لَهُ: أَبُو شَاهٍ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ اكْتُبُوا لِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اَكْتُبُوا لِأَبِي شَاهٍ) ثُمَّ قَامَ الْعَبَّاسُ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِلَّا الْإِنْذَرَ فَإِنَّا نَجْعَلُهُ فِي قُبُورِنَا وَفِي بُيُوتِنَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(ألا الإنذر)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3707 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1760): ق.

বাংলা

৩৭০৭. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আনহু ওয়া সাল্লাম বলেছেন, “মহান আল্লাহ যখন স্বীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মক্কার বিজয় দান করেন, তখন হুযাইল গোত্রের লোকজন জাহেলী যুগে তাদের এক নিহত ব্যক্তির দায়ে বানু লাইস গোত্রের একজনকে হত্যা করেন। অতঃপর ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পৌঁছলে, তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহ হস্তী (বাহিনী) কে মক্কা প্রবেশে আটকিয়ে দিয়েছিলেন। আর তিনি এর উপর তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও মুমিনদেরকে কর্তৃত্ব দান করেছেন। নিশ্চয়ই এটা আমার পূর্বে কারো জন্য হালাল ছিল না এবং আমার পরেও কারো জন্য বৈধ হবে না। নিশ্চয়ই এটা আমার জন্য দিবসের একটা অংশে হালাল করা হয়েছে। আর এটা হলো সেই সময়। তারপর এটি হারাম হিসেবে বহাল থাকবে। তার বৃক্ষ কাটা যাবে না, তার কাঁটা কতন করা যাবে, প্রচারক ছাড়া এখানকার হারানো জিনিস কুড়িয়ে নেওয়া যাবে না। আর যার কোন ব্যক্তি নিহত হয়, তার জন্য দুটি ইখতিয়ারের মাঝে উত্তম ইখতিয়ার রয়েছে; হয়তো সে হত্যা করবে নতুবা মুক্তিপণ গ্রহণ করবে।”

তখন একজন ইয়ামানের আবু শাহ রাদিয়াল্লাহু আনহু নামক এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটি আমার জন্য লিখে দিন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা আবু শাহ'র জন্য এটি লিখে দাও।”

তারপর আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ইযখির ঘাস ব্যতীত। কেননা এটাকে আমরা কবর ও বাড়ির কাজে ব্যবহার করি।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তবে ইযখির ঘাস ব্যতীত।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ২৬২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৬০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93044>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন